

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২১.০৬২.২১-১২৫(৫৮৫)

তারিখ: ১২ পৌষ ১৪৩০
২৭ ডিসেম্বর ২০২৩

বিষয় : প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক বিতরণ উৎসব, ২০২৪ উদযাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১ জানুয়ারি সারাদেশে একযোগে পাঠ্যপুস্তক বিতরণ উৎসব, ২০২৪ উদযাপন করা হবে। মাঠপর্যায়ে উক্ত উৎসব উদযাপনের নিমিত্ত ইতোমধ্যে উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে বরাদ্দ প্রদান করা হয়েছে।

২। পাঠ্যপুস্তক বিতরণ উৎসব, ২০২৪ উদযাপনের ক্ষেত্রে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

- (ক) জাতীয় নির্বাচনের সার্বিক বিষয়াদি গুরুত্ব সহকারে বিবেচনা করে ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ উৎসব উদযাপন করতে হবে।
- (খ) ঢাকা বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, ঢাকা জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং ঢাকা মহানগরীর ১২টি থানা শিক্ষা অফিস কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করবে;
- (গ) ঢাকার বাহিরে ৭টি বিভাগের বিভাগীয় পর্যায়ে সংশ্লিষ্ট বিভাগ, বিভাগীয় জেলা ও বিভাগীয় সদরের উপজেলা/থানা (চট্টগ্রাম- কোতোয়ালী, রাজশাহী- বোয়ালিয়া) যৌথভাবে উৎসবে অংশগ্রহণ করবে;
- (ঘ) মাঠ প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা/উপজেলা পর্যায়ে পাঠ্যপুস্তক বিতরণ উৎসব উদযাপন করতে হবে;
- (ঙ) বিদ্যালয় পর্যায়ে প্রধান শিক্ষকের নেতৃত্বে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, যথাযথ নিরাপত্তা ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণপূর্বক এবং উৎসাহ-উদ্দীপনার সাথে ১ জানুয়ারি ২০২৪ তারিখে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ উৎসব উদযাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ ইমামুল ইসলাম

উপপরিচালক (বই বিতরণ) (অতি:দা:)

ফোন : ০২৫৫০৭৪৮৮৯

Email: dpebook111@gmail.com

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৬। অতি: মহাপরিচালক/অতি: মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৭। অফিস কপি।